

## **া** লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৮৮. আপনার প্রভু সম্বন্ধে সুধারণা পোষণ করুন

উইলিয়াম জেমস বলেছেন- আল্লাহ আমাদের পাপসমূহকে ক্ষমা করেছেন, কিন্তু আমাদের স্নায়ুতন্ত্র (মন) তা করে না।"

ইবনুল ওয়ায়ীর তাঁর "আল আওয়াসিম ওয়াল কওয়াসিম (العواصم القواصم)" নামক পুস্তকে বলেছেন-

"নিশ্চয় আল্লাহ্র রহমতের আশা করলে বান্দার আশার দুয়ার খুলে যায়, এতে তার ইবাদতের আগ্রহ বাড়ে, নফল ইবাদতে উৎসাহী হতে এবং সৎকাজে প্রতিযোগিতা করতে প্রেরণা যোগায়।"

বিশেষ করে একথা এ কারণে সত্য যে, কিছু লোক আছে যারা আল্লাহর দয়া, ক্ষমা ও মাহাত্ম্যের কথা স্মরণ না হলে সৎকাজ করার জন্য তাদের মনে সাড়া জাগে না। এসব গুণ নিয়ে ভেবে দেখলে ফল এ দাঁড়ায় যে, তারা অধ্যবসায়ের সাথে সৎ কাজ করে আল্লাহর নৈকট্য হাসিল করতে চায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7597

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন